কালের কণ্ঠ

তারিখ ... 18 OCT 2016 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৪ ......

# সব বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষার পরিবর্তন চান ড. জাফর ইকবাল

শাবিপ্রবি প্রতিনিধি ▷

জনপ্রিয় লেখক ড. মুহম্মদ জাফর ইকবাল বলেছেন, 'বর্তমানে বিশ্ববিদ্যালয়গুলোতে ভর্তি কার্যক্রম হলো শিক্ষকদের অর্থ উপার্জনের একটি মাধ্যম। যেটা আমি কখনোই সমর্থন করি না। একজন ভর্তীচ্ছু শিক্ষার্থীকে সব বিশ্ববিদ্যালয়ে শারীরিকভাবে উপস্থিত হতে হয়। সমন্বিত ভর্তি পরীক্ষা নেওয়া হলে শিক্ষার্থীদের ভোগান্তি ও খরচ অনেক কমবে। একটি নির্দিষ্ট কেন্দ্রে বসে ভর্তীচ্ছুরা বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ের জন্য পরীক্ষা দিতে পারবে।' গতকাল সোমবার শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবিপ্রবি) এ অধ্যাপক সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এসব কথা বলেন।

শাবিপ্রবিতে ভর্তি ফরমের বর্ধিত দাম প্রত্যাহারের দাবিতে চলমান আন্দোলনে সমর্থন জানিয়ে ড. মুহম্মদ জাফর ইকবাল বলেন, 'বাংলাদেশের সব পাবলিক বিশ্ববিদ্যালয়ের সব সাধারণ শিক্ষার্থীর পরীক্ষা দেওয়ার রাষ্ট্রীয় অধিকার রয়েছে। কিন্তু ফরমের অধিক দাম ও আলাদা পরীক্ষা নেওয়ার কারণে অনেক শিক্ষার্থী বঞ্চিত হচ্ছে। আমি মনে করি এ ব্যবস্থাটার একটা পরিবর্তন হওয়া দরকার।'

ভর্তি পরীক্ষার মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের আয় প্রসঙ্গে মুহম্মদ জাফর ইকবাল বলেন, 'সব পাবলিক বিশ্ববিদ্যালয়ে ভর্তির পরীক্ষার মাধ্যমে আয় ও ব্যয় প্রকাশ করা হয় না। আমি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে একাধিকবার চিঠি লিখেছি এ বিষয়ে জানতে; কিন্তু কর্তৃপক্ষ কিছুই জানায়নি। ভর্তি পরীক্ষায় এসএমএস পদ্ধতির মাধ্যমে আবেদন নেওয়ার কারণে খরচ অনেক কম হচ্ছে। সে ক্ষেত্রে ফরমের দাম বৃদ্ধিকে যৌক্তিক মনে করি না। আগে পাঁচ সদস্যের কমিটি ভর্তি পরীক্ষা সম্পাদনের কাজ করলেও এখন কমিটিতে রয়েছেন ২৯ সদস্য। আবার রয়েছে নানা উপকমিটি। এসব করা হয় মূলত বিভিন্ন শিক্ষক-কর্মকর্তাকে স্থান দেওয়ার জন্য। যাতে কাজ না করেও অর্থ নিতে পারেন তাঁরা। পুরো প্রক্রিয়া শিক্ষকদের অর্থ উপার্জনের ব্যবস্থা ছাড়া কিছুই নয়।'